ঝিনাইদহে দৈনিক সময়ের আলোর প্রতিষ্ঠা বার্ষিকী পালন

ঝিনাইদহে দৈনিক সময়ের আলোর ২য় প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেস ক্লাব মিলনায়তনে এই অনুষ্ঠান পালন করা হয়। অনুষ্ঠানের শুরুতে প্রেস ক্লাবের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের পুরাতন ডিসিকোর্ট চত্বর ঘুরে পুনরায় প্রেস ক্লাবের সামনে এসে র্যালীটি শেষ হয়। র্যালী শেষে আলোচনা সভা ও কেক কেটে কর্মসূচি পালন করা হয়। ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সরকারি কেসি কলেজের অধ্যক্ষ ড. বি এম রেজাউল করিম, বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিনুল ইসলাম টুকু, ঝিনাইদহ আব্দুল রউফ ডিগ্রি কলেজের সহযোগী অধ্যাপক কে এম সালেহ, মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ্যাডঃ সামলা ইয়াসমিন । স্বাগত বক্তব্য রাখেন দৈনিক সময়ের আলোর জেলা প্রতিনিধি কাজী আলী আহাম্মেদ লিকু। আরো উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেস ক্লাবের সাংবাদিক ও সুধিবৃন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু। বক্তারা প্রত্রিকাটির সমৃদ্ধি ও সাফল্য কামনা করেন।

জীবননগরে জাতীয় ভোটার দিবস পালিত

বয়স যদি আঠারো হয়,ভোটার হতে দেরি নয় এই প্রতিপাদ্যকে সামনে রেখে জীবননগর জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে।গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে জাতীয় ভোটার দিবস উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক এম আর বাবু,উপজেলা নির্বাচন অফিসার,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশ চন্দ্র পাল,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু প্রমুখ।

জীবননগরে ১০০ পরিবারের মাঝে বিনামুল্যে টিউবওয়েল বিতরণ

জীবননগর উপজেলার ১০০ অসহায় হতদরিদ্র পরিবারের মাঝে নিরাপদ পানির জন্য বিনামুল্যে টিউবওয়েল বিতরণ করা হয়েছে।গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির অর্থায়নে ও সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার বাস্তাবায়নে জীবননগর উপজেলা পরিষদের অডিটোরিয়ামে এ টিউবওয়েল বিতরণ করা হয়।শিকড় সমাজ কল্যাণ সংস্থার সভাপতি ও সময় টিভির উপস্থাপক সাব্বির সামি মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাশ।প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির চেয়ারম্যান জাহাঙ্গীর আলম চৌধুরী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস,এম মুনিম লিংকন,জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম,মাই টিভির বিশেষ প্রতিনিধি এস,কে লিটন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক এম আর বাবু,সাংবাদিক সালাউদ্দিন কাজল,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম।প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস বলেন,বর্তমান সরকারের উন্নয়নের অংশীদার হিসাবে শিকড় সমাজ কল্যাণ সংস্থা ওদোস্ত এইড বাংলাদেশ কাজ কেও

যাচ্ছে।তাদের কাজগুলো প্রশংসার দাবিদার ।আগামিতে অসহায় মানুষের সেবায় এই ধরনের কাজগুলোকে অব্যহত রাখা হোক।আমি এই আশায় কামনা করি।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার যুগ্ন সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ,এবলুম বাংলার পরাগ হোসেন।শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান ও লাবনীর উপস্থাপনায় এ সময় উপস্থিত ছিলেন সেচ্ছাসেবী সংগঠন শিকড়সমাজকল্যাণসংস্থারহোসাইনআহম্মেদ,তুহিন,মফিজুল,ঐশ্বর্যসাহা,সাদিয়া,মিম,তুর্না,জনি,শাকিল,ওমর,রিয়াজপ্রমুখ।##

ঝিনাইদহে মুজিববর্ষ উপলক্ষে বিআরটিএ’র বিশেষ সেবা সপ্তাহ’র কার্যক্রম শুরু

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে বিআরটিএ এর বিশেষ সেবা সপ্তাহ’র কার্যক্রম শুরু হয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া এ সেবা চলবে আগামী ৪ঠা মার্চ পর্যন্ত। ঝিনাইদহ বিআরটিএ সার্কেলের মোটরযান পরিদর্শক এফ এইচ এম মঈদুর রহমান বলেন, দেশব্যাপী বিআরটিএ’র ডিজিটাল সেবার অংশ হিসেবে ঝিনাইদহ বিআরটিএ সর্ব সাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রেখেছেন। তিনি আরও বলেন, সেবা সমূহের মধ্যে রয়েছে অনলাইনে লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু, মোটর সাইকেল রেজিস্টেশন প্রদান, বিএসপিতে ইউজার নিবন্ধনে সহায়তা প্রদান। এছাড়াও বিআরটিএ প্রদত্ত সকল ডিজিটাল সেবা জনগণের দৌরগোড়ায় পৌছে দিতে সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

নির্বাচনে বিজয়ী হয়ে নৌকার প্রার্থী গেলেন বিএনপি প্রার্থীর অফিসে

গত রবিবার কালীগঞ্জ পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। মেয়র পদে দ্বিতীয়বারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
নির্বাচিত হওয়ার পরদিন গতকাল সোমবার সন্ধ্যা আটটার দিকে প্রতিদ্বন্দী প্রার্থী বিএনপি মনোনীত ধানের শীষ প্রতীকের মাহবুবার রহমানের অফিসে গিয়ে সৌজন্যে সাক্ষাৎ করেন বিজয়ী নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
এ সময় দু’জনকেই বেশ হাস্যেজ্জ¦ল দেখা যায়। একে অপরের সাথে কুশল বিনিময় করেন। ভোটের আগেও নৌকা প্রতীকের প্রার্থী আশরাফুল আলম আশরাফ বিএনপি প্রার্থী অফিসের গিয়ে দোয়া ও ভোট প্রার্থনা করেন। নৌকা প্রতীকের মোঃ আশরাফুল আলম আশরাফ বলেন, নির্বাচনে যে কেউ প্রার্থী হতে পারে। কালীগঞ্জ পৌরবাসীর উন্নয়নে সবার সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। সবাই ভেদাভেদ ভুলে কাজ করবো। সবাই আমার জন্য দোয়া করবেন।
গত রোববার অনুষ্ঠিত কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে ১৯ হাজার ৪২৭ ভোট পেয়ে মেয়র নির্বাচিত হন নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ। তার নিকটতম প্রতিদ্বন্দী ধানের শীষ প্রতীকের মাহাবুবার রহমান পেয়েছেন ৩ হাজার ১৫০ ভোট।

শৈলকুপাতে রাস্তায় নারীকে পিটিয়ে আহত

ঝিনাইদহের শৈলকুপায় সানজিদা খাতুন (৩০) নামের এক নারীকে পিটিয়ে আহত করেছে সন্ত্রাসীরা। ঘটনাটি গত রবিবার বিকাল ৩টার দিকে উপজেলা ৫নং কাঁচেরকোল ইউনিয়নের কাঁচেরকোল ভোট কেন্দ্রের দক্ষিণ দিকের

রাস্তায়। উপজেলার উপ-নির্বাচনে ভোট দিতে আসার সময় তাকে পিটিয়ে আহত করা হয় ও তার কাছ থেকে স্বর্ণালংকার ছিনিয়ে নেওয়া হয় বলে অভিযোগ করেন আহত নারীর পরিবার। ঘটনার পর স্বজনরা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।
আহত নারীর পিতা মো: ওমর আলী জানান, তিনি গত শনিবার জামাই বাড়ি বেড়াতে আসেন। তার জামাই ও পরিবারের সদস্যরা আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত। মেয়ে সানজিদা বিকাল ৩টার দিকে ভোট দিতে আসার সময় একই গ্রামের বিভিন্ন অপকর্মের সাথে জড়িত মনিরুজ্জামান মনির, তার পিতা আকবর ও নানা ডাবলু শেখ তাকে পিটিয়ে গুরুতর আহত করে তার কানের দুল, হাতের চুরি ছিনিয়ে নেয়। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। শৈলকুপা থানার সেকেন্ড অফিসার মোঃ আমিরুজ্জামান বলেন অভিযোগ পেয়েছি তদন্ত করতে কচুয়া তদন্ত কেন্দ্রের টু আই সি কে দিয়েছি সত্যতা পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুরে নানা আয়োজনে জাতীয় বীমা দিবস পালিত

‘মুজিব বর্ষের অঙ্গিকার বীমা হোক সবার” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় বীমা দিবস। দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে সোমবার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সঞ্জয় কুমার।

উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমানের সঞ্চালনায় আলোচনা

সভায় বক্তব্য রাখেন, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের উপজেলা ব্রাঞ্চ কো-অডিনেটর মঈন উদ্দীন খাঁন, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের ডিষ্টিক কো-অডিনেটর মোঃ শরিফুল ইসলাম, পপুলার লাইফ ইন্স্যুরেন্সের আবুল কালাম আজাদ, জীবন বীমা কর্পোরেশনের ডেভলপমেন্ট অফিসার শ্যাম সুন্দর মন্ডল, গণবীমা ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিমিটেডের সুব্রত কুমার চক্রবর্তী।

বক্তারা বলেন, জীবনে চলার পথে বীমার কোন বিকল্প নেই। ১৯৬০ সালের ১লা মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কর্মজীবনে আলফা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানিতে যোগদান করেন। সেই হিসাবে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে বর্তমান সরকার ১লা মার্চকে ১ম জাতীয় বীমা দিবস হিসাবে ঘোষনা করেন। এসময় অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন লাইফ ইন্স্যুরেন্সে কর্মরত অফিসার ও মাঠ পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে মাদ্রাসা শিক্ষকের হাত পা বাঁধা অবস্থায় ঝুলন্ত লাশ উদ্ধার

ঝিনাইদহে হাত-পা বাঁধা অবস্থায় এক মাদ্রাসা শিক্ষকের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। ১লা মার্চ সকালে সদর উপজেলার বাজারগোপালপুর কলুপাড়া একটি ভাড়াবাসা হয়। পুলিশ জানায়, বাজারগোপালপুর বড়বাড়ি দাখিল মাদ্রাসার সুপার ইসমাইল হোসেন সুজন (৪৫)৷ এর ঘরে হাত-পা বাধা অবস্থায় ঝুলন্ত লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দেয় পরিবারের লোকজন। পরে পুলিশ এসে তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়। হাতে হাত-পাত বেঁধে ঝুলিয়ে হত্যা করা হয়েছে বলে ধারনা পরিবার ও স্থানীয়দের।নিহত সুজন সদর উপজেলার হলিধানী গ্রামের আবুল খায়েরের ছেলে। গত ৪ বছর ধরে গ্রামের শরিফুল ইসলামের বাড়িতে স্ত্রী সন্তান নিয়ে তিনি বসবাস করে আসছিল।

শৈলকুপায় নৌকা প্রার্থী শেফালী বেগম বিজয়ী

বিস্তর ব্যবধানে বিজয়ের উল্লাসে জনস্রোতে ভাসছে শৈলকুপা। ২ লাখ ৮৮ হাজার ২৫৪ ভোটের মধ্যে নৌকার দলীয় প্রার্থী শেফালী বেগম ১ লাখ ৮৮ হাজার ৮’শ ১৬ ভোট পেয়েছেন। তিনি বিস্তর ব্যবধানে বিএনপি দলীয় প্রতিদ্বন্দ্বী প্রার্থী এ্যাড. হুমায়ুন বাবর ফিরোজকে পরাজিত করেছেন। বেসরকারীভাবে শেফালী বেগমকে বিজয়ী ঘোষণা করা হয়েছে।
গত বছর ৪ নভেম্বর থানা আওয়ামী লীগের সভাপতি ও (আমৃত্যু) উপজেলা চেয়ারম্যান মোশাররফ হোসেন এর মৃত্যুতে চেয়ারম্যানের পদ শূন্য হয়। শুরু হয় নতুন গুঞ্জন, কে পাচ্ছেন দলীয় টিকিট? ১০ হেভিওয়েট প্রার্থীর লবিং গ্রুপিং আর প্রতিযোগিতার সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে কাঙ্খিত নৌকা প্রতীক লাভ করেন প্রয়াত বীরমুক্তিযোদ্ধা সোনা শিকদার পত্মী শেফালী বেগম। পৌরসভাসহ উপজেলার ১৪ টি ইউনিয়নের ২ লাখ ৮৮ হাজার ২৫৪ জন ভোটার নিয়ে শুরু হয়েছে উপ-নির্বাচন। আওয়ামী লীগের নৌকা প্রতীকের বিপরীতে ধানের শীষ নিয়ে বিএনপি দলীয় প্রার্থী সাবেক ছাত্রনেতা থানা বিএনপির যুগ্ম-সম্পাদক এ্যাড. হুমায়ন বাবর ফিরোজ ধানের শীষ প্রতীকে ভোট পেয়েছেন ৪৪৫২। এছাড়াও স্বতন্ত্র প্রার্থী আনিচুর রহমান আনারস প্রতীকে ভোট পেয়েছেন ১৯৭৫ ভোট।
অপরদিকে ধানের শীষ প্রতীকের প্রার্থী হুমায়ুন বাবর ফিরোজ বিকাল সাড়ে ৩টার দিকে নানা অনিয়মের অভিযোগ এনে ভোট বর্জনের ঘোষণা দেন। তিনি তার নিজস্ব ফেসবুক আইডিতে একটি প্রেস বিজ্ঞপ্তি ও সাংবাদিকদের মোবাইল ফোনে বিষয়টি নিশ্চিত করেন। এছাড়াও নির্বাচনী দায়িত্বে থাকা কর্মকর্তাগণ তার কোন অভিযোগ আমলে নেয়নি এবং প্রশাসনিক সহযোগীতা করেনি বলে মন্তব্য করেন। একই সাথে গত পৌরসভা নির্বাচনে ৮নং ওয়ার্ডের স্থগিত থাকা কাউন্সিলর পদে ৬৭৮ ভোট পেয়ে প্রাথমিকভাবে বিজয়ী হয়েছেন সাইফুল ইসলাম। তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী সাবেক কাউন্সিলর শওকত আলী ৫৬২ ভোট পেয়েছেন। উপজেলা রিটার্নিং কর্মকর্তা জুয়েল আহম্মেদ জানান, ১২০টি কেন্দ্রে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। কোন প্রার্থী

নির্বাচন সংক্রান্ত লিখিত অভিযোগ জানায়নি। নির্বাচন অবাধ ও সুষ্ঠু করতে তারা যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছেন, কোথাও অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

আবারও কালীগঞ্জের নগর পিতা নির্বাচিত হলেন আশরাফ

৫ম ধাপে ২৮ তারিখ গতকাল রবিবার সকাল আটটা থেকে বিকাল চারটা পর্যন্ত বিরতিহীন ভাবে চলা ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে পুনরায় মেয়র নির্বাচিত হয়েছেন- নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
আশরাফুল আলম আশরাফ পেয়েছেন নৌকা প্রতীক নিয়ে ১৯ হাজার ৩২৬ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ¦◌ী ধানের শীষ প্রতীকের আলহাজ্ব মাহাবুবার রহমান পেয়েছেন ৩ হাজার ৭৪ ভোট। এছাড়াও স্বতন্ত্র নারিকেল গাছ প্রতীকের এনামুল হক ইমান পেয়েছেন ২ হাজার ৮১৬ ও ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের হাতপাখা প্রতীকের মোঃ নুরুল ইসলাম পেয়েছেন ১ হাজার ৪৭১ ভোট।
এছাড়াও সাধারাণ কাউন্সিলর পদের নির্বাচনে বিজয়ী হয়েছেন (পুরুষ): ১নং ওয়ার্ড- মোঃ রাশেদুল হক রিগান, ২নং ওয়ার্ডে মোঃ রুবেল মিয়া, ৩নং ওয়ার্ডে মোঃ আশরাফুজ্জামান রনি, ৪ নং ওয়ার্ডে বদিউজ্জামান সাজু, ৫নং ওয়ার্ডে মনিরুজ্জামান (বিনা প্রতিদ্বন্দি¦তায়), ৬নং ওয়ার্ডে মোঃ নাসির উদ্দিন লিটন, ৭নং ওয়ার্ডে মোঃ মুক্তার হোসেন, ৮ নং ওয়ার্ডে মেহেদী হাসান সজল ও ৯নং ওয়ার্ডে মোঃ ফিরোজ আহমেদ সেন্টু।
নির্বাচনকে সামনে রেখে ভোট কেন্দ্রে বিজিবি, পুলিশ, আনসার, স্ট্রাইকিং ফোর্স, মোবাইল কোট টিম, নির্বাহী ম্যাজিস্ট্রেট নিযুক্ত করা হয় ।
উল্লেখ্য এই সর্বপ্রথম কালীগঞ্জে ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় ।
সাধারণ ভোটারদের মতামত গ্রহণ করলে তারা জানান, ইভিএমে ভোট প্রদান খুবই সহজ মনে হয়েছে তাদের কাছে। তারা কোনো ধরনের চাপ ছাড়াই খুব সুন্দর ভাবে ভোট প্রদান করেছেন।

প্রতিটি কেন্দ্রের প্রিজাইডিং অফিসাররা জানান, সুষ্ঠু সুন্দর পরিবেশে তার ভোট গ্রহণ করতে পারছেন। তবে ইভিএমে ভোটিং পদ্ধতিতে নতুন ভোট দেওয়ায় কিছু ভোটারের সমস্যা হয়েছে তবে তা সমাধানের চেষ্টা করা হযেছে।
কালীগঞ্জ থানার ওসি মাহফুজুর রহমান জানান, দুই একটি অনাকাঙ্কিত ঘটনা ছাড়া ভোটের পরিবেশ ভালো ছিলো। ভোটাররা নিরাপদে ভোটে কেন্দ্রে এসেছেন ও ভোট দিয়েছেন।
কালীগঞ্জ উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার আলমগীর হোসেন জানান, বেসরকারি ভাবে নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ বিজয়ী হয়েছে।